রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বুধবার, সেপ্টেম্বর ১০, ২০১৪**

**নির্বাচন কমিশন**
**বাংলাদেশ**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৬ ভাদ্র ১৪২১ বঙ্গাব্দ/১০ সেপ্টেম্বর ২০১৪ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ২২৯-আইন/২০১৪।**—জাতীয় পরিচয় নিবন্ধন আইন, ২০১০ (২০১০ সনের ৩ নং আইন) এর ধারা ২৩ এ প্রদত্ত ক্ষমতাবলে, ধারা ৮, ধারা ১৩ এর উপ-ধারা (৩) এবং ধারা ১৩ক এর সহিত পঠিতব্য, নির্বাচন কমিশন নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা :—

## প্রথম অধ্যায়

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই প্রবিধানমালা জাতীয় পরিচয়পত্র ও সংরক্ষিত তথ্য-উপাত্ত (সংশোধন, যাচাই এবং সরবরাহ) প্রবিধানমালা, ২০১৪ নামে অভিহিত হইবে;

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

(১) **"আইন"** অর্থ জাতীয় পরিচয় নিবন্ধন আইন, ২০১০ (২০১০ সনের ৩ নং আইন);

(২) **"কমিশন"** অর্থ সংবিধানের অনুচ্ছেদ ১১৮ এর অধীন প্রতিষ্ঠিত নির্বাচন কমিশন;

(৩) **"জাতীয় পরিচয়পত্র"** অর্থ আইনের ধারা ২ এর দফা (২) এ সংজ্ঞায়িত জাতীয় পরিচয়পত্র;

(৪) **"তথ্য-উপাত্ত"** অর্থ আইনের ধারা ২ এর দফা (৪) এর অধীন জাতীয় পরিচয় নিবন্ধনের উদ্দেশ্যে ভোটার তালিকা আইন, ২০০৯ (২০০৯ সনের ৬ নং আইন) অনুযায়ী ভোটার তালিকা প্রণয়ন, সংশোধন বা হালনাগাদকরণ কালে সংগৃহীত তথ্য-উপাত্ত বা কোনো নাগরিকের নিকট হইতে সংগৃহীত এক বা একাধিক তথ্য-উপাত্ত এবং উক্ত নাগরিকের বায়োমেট্রিকস ফিচারও ইহার অন্তর্ভুক্ত হইবে;



**মূল্য ঃ** টাকা ২৪.০০

(৫) **"দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা"** অর্থ এই প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে কমিশন কর্তৃক, সময় সময়, ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা;

(৬) **"নাগরিক"** অর্থ আইনের ধারা ২ এর দফা (৫) এ সংজ্ঞায়িত নাগরিক;

(৭) **"নিবন্ধিত ব্যক্তি"** অর্থ প্রবিধান ৫ এর অধীন নিবন্ধিত কোনো ব্যক্তি;

(৮) **"ফরম"** অর্থ এই প্রবিধানমালার ফরম;

(৯) **"বায়োমেট্রিকস ফিচার** (Biometrics feature)" অর্থ আইনের ধারা ২ এর দফা (৮) এ সংজ্ঞায়িত বায়োমেট্রিকস ফিচার;

(১০) **"ব্যক্তি"** অর্থ আইনের ধারা ২ এর দফা (১০) এ সংজ্ঞায়িত ব্যক্তি;

(১১) **"সাব ইউজার"** অর্থ নিবন্ধিত ব্যক্তি কর্তৃক তথ্য যাচাইয়ের জন্য পরিচালিত যাচাই কেন্দ্র অথবা উক্তরূপ যাচাইয়ের জন্য স্থাপিত প্রতিটি কম্পিউটার, ইন্টারনেট সংযোগ, অপারেটর ইত্যাদি;

(১২) **"সংরক্ষিত তথ্য-উপাত্ত"** অর্থ আইনের ধারা ১৩ এর উপ-ধারা (১) এর অধীন কমিশন কর্তৃক তথ্য প্রযুক্তির মাধ্যমে সংরক্ষিত তথ্য-উপাত্ত;

(১৩) **"স্থানীয় কার্যালয়"** অর্থ কোনো নাগরিক যে এলাকায় জাতীয় পরিচয়পত্র প্রাপ্তির জন্য নিবন্ধিত হইয়াছেন সেই এলাকার জেলা, উপজেলা বা থানা নির্বাচন কার্যালয়, এবং কমিশন কর্তৃক, সময় সময়, নির্ধারিত কোনো অস্থায়ী কার্যালয়ও ইহার অন্তর্ভুক্ত হইবে।

## দ্বিতীয় অধ্যায়

## জাতীয় পরিচয়পত্র ও সংরক্ষিত তথ্য-উপাত্ত সংশোধন, ইত্যাদি

৩। **জাতীয় পরিচয়পত্র বা সংরক্ষিত তথ্য-উপাত্তে মুদ্রণজনিত ভুল সংশোধন।**—(১) পরিচয় নিবন্ধন প্রক্রিয়ায় কোনো নাগরিকের নিকট হইতে সংগৃহীত তথ্য-উপাত্ত জাতীয় পরিচয়পত্র বা সংরক্ষিত তথ্য-উপাত্তে সঠিকভাবে লিপিবদ্ধ না হইলে উহা সংশোধনের জন্য, কোনো প্রকার ফি প্রদান ব্যতিরেকে, উক্ত নাগরিক বা, ক্ষেত্রমত, তাহার আইনানুগ অভিভাবক ফরম-১ অনুসারে কমিশন বা সংশ্লিষ্ট স্থানীয় কার্যালয়ে সরাসরি অথবা কমিশনের ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে "সাধারণ" বা "জরুরি" হিসাবে আবেদন করিতে পারিবেন।

(২) "জরুরি" আবেদন কমিশনে এবং "সাধারণ" আবেদন সংশ্লিষ্ট স্থানীয় কার্যালয়ে দাখিল করিতে হইবে এবং আবেদনপত্র প্রাপ্তির পর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা আবেদন ফরম ১ এর অংশ-ক স্বাক্ষরকরত উহা আবেদনকারী বা, ক্ষেত্রমত, তাহার আইনানুগ অভিভাবককে ফেরত প্রদান করিবেন অথবা অনলাইন আবেদনের ক্ষেত্রে আবেদনকারী বা, ক্ষেত্রমত, তাহার আইনানুগ অভিভাবক বরাবর ইলেকট্রনিক পদ্ধতিতে অংশ-ক প্রেরণ করিবেন।

(৩) জাতীয় পরিচয়পত্র সংশোধনের আবেদনের তারিখ হইতে, "জরুরি" আবেদনের ক্ষেত্রে, ৭ (সাত) কার্যদিবস এবং "সাধারণ" আবেদনের ক্ষেত্রে ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে, কমিশন সন্তুষ্ট হইলে অংশ-ক এ উল্লিখিত তারিখে, পূর্বের জাতীয় পরিচয়পত্র ফেরত প্রদান সাপেক্ষে, একই নম্বরে নূতন জাতীয় পরিচয়পত্র প্রদান করিবে এবং, প্রয়োজনে, সংরক্ষিত তথ্য-উপাত্ত সংশোধন করিবে।

(৪) সংরক্ষিত তথ্য-উপাত্ত সংশোধনের আবেদনের তারিখ হইতে, "জরুরি" আবেদনের ক্ষেত্রে, ৭ (সাত) কার্যদিবস এবং "সাধারণ" আবেদনের ক্ষেত্রে ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে, কমিশন সন্তুষ্ট হইলে সংরক্ষিত তথ্য-উপাত্ত সংশোধন করিবে এবং আবেদনকারী বা, ক্ষেত্রমত, তাহার আইনানুগ অভিভাবককে উহা অবহিত করিবে।

৪। **জাতীয় পরিচয়পত্র বা তথ্য-উপাত্ত সংশোধন**।—(১) আইনের ধারা ৮ এর দফা (ক) এর উদ্দেশ্য পূরণকল্পে কোনো নাগরিকের অনুকূলে যে তথ্য-উপাত্তের ভিত্তিতে জাতীয় পরিচয়পত্র প্রদান করা হইয়াছে উক্ত জাতীয় পরিচয়পত্র বা তথ্য-উপাত্ত সংশোধনের প্রয়োজন হইলে, প্রবিধান ১১ এর উপ-প্রবিধান (১) এর ক্রমিক নং ১ বা, প্রযোজ্য ক্ষেত্রে, ২ অনুসারে ফি পরিশোধপূর্বক রসিদের কপি আবেদনের সহিত সংযুক্ত করিয়া, উক্ত নাগরিক বা, ক্ষেত্রমত, তাহার আইনানুগ অভিভাবক ফরম-২ অনুসারে কমিশন বা স্থানীয় কার্যালয়ে সরাসরি অথবা কমিশনের ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে সংশোধনের আবেদন করিতে পারিবেন।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন সরাসরি বা অনলাইনে দাখিলকৃত আবেদনসহ উহার সহিত সংযুক্ত দলিলাদি প্রাপ্তির পর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা আবেদনে উল্লিখিত তথ্যাদি ও উহার সহিত সংযুক্ত দলিলাদি যাচাই এবং, প্রয়োজনে, আবেদনকারীর ব্যক্তিগত শুনানি গ্রহণ করিয়া উক্ত আবেদন মঞ্জুর অথবা নামঞ্জুর করিতে পারিবেন।

(৩) উপ-প্রবিধান (২) এর অধীন আবেদন মঞ্জুর করা হইলে এবং আবেদনকারীর বায়োমেট্রিকস ফিচার গ্রহণের প্রয়োজন হইলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা আবেদনকারীর বায়োমেট্রিকস ফিচার প্রদানের জন্য তারিখ নির্ধারণপূর্বক অংশ-ক প্রদান করিবেন এবং অংশ-ক এ উল্লিখিত তারিখে সংশ্লিষ্ট আবেদনকারীকে কমিশন বা, ক্ষেত্রমত, স্থানীয় কার্যালয়ে উপস্থিত হইয়া বায়োমেট্রিকস ফিচার প্রদানসহ প্রয়োজনীয় সকল পদক্ষেপ সম্পন্ন করিতে হইবে।

(৪) আবেদনের তারিখ হইতে ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে, কমিশন সন্তুষ্ট হইলে—

(ক) সংরক্ষিত তথ্য-উপাত্ত সংশোধনের ক্ষেত্রে, সংরক্ষিত তথ্য-উপাত্ত সংশোধন করিয়া আবেদনকারী বা, ক্ষেত্রমত, তাহার আইনানুগ অভিভাবককে উহা অবহিত করিবে;

(খ) জাতীয় পরিচয়পত্র সংশোধনের আবেদনের ক্ষেত্রে, সংরক্ষিত তথ্য-উপাত্ত ও জাতীয় পরিচয়পত্র সংশোধনক্রমে অংশ-খ এ উল্লিখিত তারিখে, পূর্বের জাতীয় পরিচয়পত্র ফেরত প্রদান সাপেক্ষে, একই নম্বরে নূতন জাতীয় পরিচয়পত্র প্রদান করিবে।

(৫) উপ-প্রবিধান (২) এর অধীন দাখিলকৃত আবেদন যাচাই-বাছাই করিয়া সঠিক না পাইলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উহা নামঞ্জুর করিবেন এবং যথাশীঘ্র সম্ভব বিষয়টি আবেদনকারী বা, ক্ষেত্রমত, তাহার আইনানুগ অভিভাবককে অবহিত করিবেন।

(৬) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক উপ-প্রবিধান (৫) এর অধীন নামঞ্জুরের আদেশ অবহিত হইবার ৪৫ (পঁয়তাল্লিশ) কার্যদিবসের মধ্যে আবেদনকারী বা, ক্ষেত্রমত, তাহার আইনানুগ অভিভাবক উক্ত আদেশের বিরুদ্ধে কমিশন বরাবর আপিল করিতে পারিবেন এবং আপিল প্রাপ্তির ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে কমিশন কর্তৃক উক্ত আপিল নিষ্পত্তি করিতে হইবে এবং এক্ষেত্রে কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

## তৃতীয় অধ্যায়
## তথ্য-উপাত্ত যাচাই

৫। **নিবন্ধনের মাধ্যমে তথ্য যাচাই**।—(১) কোনো ব্যক্তি সংরক্ষিত তথ্য-উপাত্তের কোনো তথ্যের সঠিকতা যাচাই করিতে চাহিলে উক্ত ব্যক্তিকে, প্রবিধান ৬ এ উল্লিখিত শর্ত পূরণসাপেক্ষে, নিবন্ধনের জন্য ফরম-৩ অনুসারে কমিশনে সরাসরি অথবা ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে আবেদন করিতে হইবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন সরাসরি বা অনলাইনে দাখিলকৃত আবেদনসহ উহার সহিত সংযুক্ত দলিলাদি প্রাপ্তির পর ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে আবেদনে উল্লিখিত তথ্যাদি ও উহার সহিত সংযুক্ত দলিলাদি যাচাই এবং, প্রয়োজনে, তদন্ত কার্য সম্পন্নকরতঃ কমিশন যথাযথ মনে করিলে উক্ত আবেদন মঞ্জুর অথবা যথাযথ না হইলে নামঞ্জুর করিতে পারিবে এবং আবেদনকারীকে অবহিত করিবে।

(৩) উপ-প্রবিধান (২) এর অধীন আবেদন মঞ্জুর করা হইলে কমিশন নিবন্ধন চার্জ জমা প্রদানের জন্য আবেদনকারীকে পত্র দ্বারা সরাসরি অথবা ইলেকট্রনিক পদ্ধতিতে অবহিত করিবে এবং আবেদনকারী উক্তরূপে অবহিত হইবার পর যথাশীঘ্র সম্ভব প্রবিধান ১১ এর উপ-প্রবিধান (১) এর ক্রমিক নং ৩ এর দফা (ক) ও (খ) অনুসারে নিবন্ধন চার্জ এবং প্রথম বৎসরের বার্ষিক সাব ইউজার চার্জ পরিশোধ করিবে।

(৪) নিবন্ধন চার্জ ও বার্ষিক সাব ইউজার চার্জ প্রাপ্তির পর কমিশন আবেদনকারীকে অর্থ প্রাপ্তি স্বীকারপত্র প্রেরণ করিবে এবং কমিশনের সহিত চুক্তি সম্পাদনের জন্য অনুরোধ জানাইবে।

(৫) উপ-প্রবিধান (৪) এ উল্লিখিত চুক্তি সম্পাদনের পর আবেদনকারী কমিশনের নিকট নিবন্ধিত বলিয়া গণ্য হইবে এবং চুক্তির শর্ত অনুসারে কমিশনের নির্দিষ্ট ওয়েবসাইটে লগ-ইন (log-in) করিয়া তথ্য যাচাই করিতে পারিবে।

(৬) নিবন্ধিত ব্যক্তিকে প্রবিধান ১১ এর উপ-প্রবিধান (১) এর ক্রমিক নং ৩ এর দফা (খ) ও (গ) অনুসারে প্রতি বৎসরের জন্য বার্ষিক সাব ইউজার নবায়ন চার্জ এবং প্রতিটি তথ্য প্রতিবার যাচাইয়ের জন্য যাচাইকরণ চার্জ পরিশোধ করিতে হইবে।

(৭) কমিশন নিবন্ধিত ব্যক্তিকে প্রতি মাসের যাচাইকরণ চার্জ পরবর্তী মাসের ৭ (সাত) তারিখের মধ্যে মাসিক বিল আকারে প্রেরণ করিবে।

(৮) নিবন্ধিত ব্যক্তিকে বার্ষিক সাব ইউজার নবায়ন চার্জ পূর্ববর্তী বৎসর সমাপ্তির ৩ (তিন) মাসের মধ্যে এবং কমিশন কর্তৃক যাচাইকরণ চার্জের বিল প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে পরিশোধ করিতে হইবে।

(৯) উপ-প্রবিধান (৮) এ উল্লিখিত সময়ের মধ্যে নিবন্ধিত ব্যক্তি যাচাইকরণ চার্জ পরিশোধ করিতে ব্যর্থ হইলে, উক্ত ব্যক্তিকে প্রবিধান ১১ এর উপ-প্রবিধান (১) এর ক্রমিক নং ৩ এর দফা (ঘ) অনুসারে বিলম্ব চার্জ প্রদানসহ পরবর্তী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে যাচাইকরণ চার্জ পরিশোধ করিতে হইবে।

৬। **নিবন্ধন প্রাপ্তির জন্য আইসিটি সরঞ্জাম সংক্রান্ত সক্ষমতা।**—(১) প্রবিধান ৫ এর অধীন নিবন্ধন প্রাপ্তির জন্য আবেদনকারীর নিম্নবর্ণিত আইসিটি সরঞ্জাম থাকিতে হইবে, যথা :—

(ক) আবেদনকারীর সাব ইউজারের সংখ্যা অনধিক ৭০ (সত্তর) হইলে তাহাকে সীমিত ব্যবহারকারী হিসাবে গণ্য করা হইবে এবং তাহার নিম্নবর্ণিত আইসিটি সরঞ্জাম থাকিতে হইবে, যথা :—

(অ) কম্পিউটার, Processor P4 অথবা উচ্চমানের;

(আ) RAM, 2 GB DDR অথবা উচ্চমানের; এবং

(ই) ইন্টারনেট সুবিধা অন্যূন 1 MB ব্রডব্যান্ড;

(খ) আবেদনকারীর সাব ইউজারের সংখ্যা ৭০ (সত্তর) এর অধিক হইলে তাহাকে বৃহৎ ব্যবহারকারী হিসাবে গণ্য করা হইবে এবং তাহার নিম্নবর্ণিত আইসিটি সরঞ্জাম থাকিতে হইবে, যথা :—

(অ) কম্পিউটার, Processor P4 অথবা উচ্চমানের;

(আ) RAM, 2 GB DDR অথবা উচ্চমানের; এবং

(ই) নিজস্ব অপটিক্যাল ফাইবার লিংক।

(২) নিবন্ধিত কোনো ব্যক্তি নিজ দায়িত্বে উপ-প্রবিধান (১) এ উল্লিখিত আইসিটি সরঞ্জাম, অপটিক্যাল ফাইবার লিংক ইত্যাদির কার্যকারিতা ও নিরাপত্তা নিশ্চিত করিবে।

৭। **নিবন্ধিত ব্যক্তি কর্তৃক সেবা বা সুবিধা প্রদানে অপারগতা, ইত্যাদি।**—(১) কোনো সেবা বা সুবিধা লাভের উদ্দেশ্যে কোনো নাগরিক বা, ক্ষেত্রমত, তাহার আইনানুগ অভিভাবক বা প্রতিনিধি নিবন্ধিত ব্যক্তির নিকট তাহার জাতীয় পরিচয়পত্র বা জাতীয় পরিচয়পত্রের অনুলিপি উপস্থাপন করিবার পর, যদি উক্ত নিবন্ধিত ব্যক্তি উক্ত নাগরিকের জাতীয় পরিচয়পত্র সঠিক নহে মর্মে প্রার্থিত সেবা বা সুবিধা প্রদানে অপারগতা প্রকাশ করেন, তাহা হইলে নিবন্ধিত ব্যক্তি উহা লিখিতভাবে উক্ত নাগরিক বা, ক্ষেত্রমত, তাহার আইনানুগ অভিভাবক বা প্রতিনিধিকে অবহিত করিবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন প্রাপ্ত তথ্যে কোনো নাগরিক বা, ক্ষেত্রমত, তাহার আইনানুগ অভিভাবক বা প্রতিনিধি সংক্ষুব্ধ হইলে, উক্ত সংক্ষুব্ধ ব্যক্তি বিষয়টি অবহিত হইবার অনধিক ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে, প্রবিধান ১১ এর উপ-প্রবিধান (১) এর ক্রমিক নং ৩ এর দফা (ঙ) অনুসারে সার্ভিস চার্জ পরিশোধপূর্বক সঠিকতা যাচাইয়ের জন্য কমিশন বরাবর আবেদন করিতে পারিবে।

(৩) উপ-প্রবিধান (২) এর অধীন আবেদন প্রাপ্তির অনধিক ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে উহা যাচাই-বাছাইপূর্বক কমিশনের নিকট যদি প্রতীয়মান হয় যে নিবন্ধিত ব্যক্তি ভুল তথ্য উপস্থাপনের মাধ্যমে উক্ত নাগরিককে প্রার্থিত সেবা বা সুবিধা লাভ হইতে বঞ্চিত করিয়াছে, তাহা হইলে কমিশন সংশ্লিষ্ট নিবন্ধিত ব্যক্তির নিকট প্রয়োজনীয় ব্যাখ্যা তলব করিতে পারিবে এবং নিবন্ধিত ব্যক্তিকে উক্ত নাগরিকের প্রার্থিত সেবা বা সুবিধা প্রদানের নির্দেশ দিবে এবং বিষয়টি আবেদনকারীকে পত্র দ্বারা সরাসরি অথবা ইলেক্ট্রনিক পদ্ধতিতে অবহিত করিবে।

(৪) উপ-প্রবিধান (৩) এর অধীন নিবন্ধিত ব্যক্তি কর্তৃক প্রদত্ত ব্যাখ্যা সন্তোষজনক না হইলে অথবা কমিশনের নির্দেশ অনুসারে আবেদনকারীকে চাহিত সেবা বা সুবিধা প্রদান না করিলে কমিশন উক্ত নিবন্ধিত ব্যক্তির বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।

৮। **ব্যক্তি কর্তৃক জাতীয় পরিচয়পত্রের সঠিকতা যাচাইয়ের আবেদন।**—(১) কোনো ব্যক্তি নিজের বা কোনো নাগরিকের জাতীয় পরিচয়পত্রের সঠিকতা যাচাই করিতে চাহিলে, উক্ত ব্যক্তিকে ফরম-৪ অনুসারে অনলাইনে তাহার বা সংশ্লিষ্ট নাগরিকের জাতীয় পরিচয়পত্রের স্ক্যানকৃত কপিসহ কমিশনের ওয়েবসাইটের মাধ্যমে আবেদন করিতে হইবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন আবেদনসহ উহার সহিত সংযুক্ত দলিলাদি প্রাপ্তির পর আবেদনে উল্লিখিত তথ্যাদি ও উহার সহিত সংযুক্ত দলিলাদি যাচাই এবং, প্রয়োজনে, তদন্ত কার্য সম্পন্নকরতঃ কমিশন উক্ত আবেদন মঞ্জুর অথবা নামঞ্জুর করিতে পারিবে এবং উহা ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে আবেদনকারীকে ইলেক্ট্রনিক পদ্ধতিতে অবহিত করিবে।

(৩) উপ-প্রবিধান (২) এর অধীন আবেদনকারী অবহিত হইবার পর যথাশীঘ্র সম্ভব প্রবিধান ১১ এর উপ-প্রবিধান (১) এর ক্রমিক নং ৪ অনুসারে সার্ভিস চার্জ পরিশোধ করিবে।

(৪) উপ-প্রবিধান (৩) অনুসারে সার্ভিস চার্জ জমা দান করিবার পর অনধিক ১০ (দশ) কার্যদিবসের মধ্যে কমিশন আবেদনকারীর প্রার্থিত বিষয়ে একটি প্রতিবেদন প্রস্তুত করিবে এবং আবেদনকারীকে ইলেক্ট্রনিক পদ্ধতিতে উহা প্রেরণ করিবে এবং, প্রয়োজনে, সংশ্লিষ্ট নাগরিকের জাতীয় পরিচয়পত্রে মুদ্রিত তথ্য-উপাত্ত প্রেরণ করিবে।

## চতুর্থ অধ্যায়
## তথ্য-উপাত্ত সরবরাহ

৯। **সরকারি সংস্থা বা সংবিধিবদ্ধ কর্তৃপক্ষকে তথ্য-উপাত্ত সরবরাহ।**—(১) কোনো সরকারি সংস্থা বা সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ, উহার নিজস্ব কার্যক্রম পরিচালনার স্বার্থে, কমিশনের সহিত চুক্তি সম্পাদনের মাধ্যমে, তথ্য-উপাত্ত সংগ্রহ করিতে পারিবে।

(২) কোনো সরকারি সংস্থা বা সংবিধিবদ্ধ কর্তৃপক্ষের সংরক্ষিত তথ্য-উপাত্তের প্রয়োজন হইলে উক্ত সংস্থা বা কর্তৃপক্ষকে ফরম-৫ অনুসারে কমিশনের নিকট সরাসরি অথবা ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে আবেদন করিতে হইবে।

(৩) উপ-প্রবিধান (২) এর অধীন সরাসরি বা অনলাইনে দাখিলকৃত আবেদনসহ উহার সহিত সংযুক্ত দলিলাদি প্রাপ্তির পর আবেদনে উল্লিখিত তথ্যাদি ও উহার সহিত সংযুক্ত দলিলাদি যাচাই এবং, প্রয়োজনে, তদন্ত কার্য সম্পন্নকরতঃ কমিশন যথাযথ মনে করিলে উক্ত আবেদন মঞ্জুর অথবা যথাযথ না হইলে নামঞ্জুর করিতে পারিবে।

(৪) উপ-প্রবিধান (৩) এর অধীন আবেদন মঞ্জুর করা হইলে কমিশন সার্ভিস চার্জ জমা প্রদানের জন্য আবেদনকারী সংস্থা বা কর্তৃপক্ষকে পত্র দ্বারা সরাসরি অথবা ইলেক্ট্রনিক পদ্ধতিতে অবহিত করিবে এবং আবেদনকারী সংস্থা বা কর্তৃপক্ষ উক্তরূপে অবহিত হইবার পর যথাশীঘ্র সম্ভব প্রবিধান ১১ এর উপ-প্রবিধান (১) এর ক্রমিক নং ৫ এর দফা (ক) ও (খ) অনুসারে এককালীন সার্ভিস চার্জ এবং প্রথম বৎসরের বার্ষিক সেবা চার্জ পরিশোধ করিবে।

(৫) উপ-প্রবিধান (৪) এ উল্লিখিত সার্ভিস চার্জ এবং প্রথম বৎসরের বার্ষিক সেবা চার্জ প্রাপ্তির পর কমিশন আবেদনকারীকে অর্থ প্রাপ্তি স্বীকারপত্র প্রেরণ করিবে এবং কমিশনের সহিত চুক্তি সম্পাদনের জন্য অনুরোধ জানাইবে।

(৬) উপ-প্রবিধান (৫) এ উল্লিখিত চুক্তি সম্পাদনের পর কমিশন আবেদনকারী সংস্থা বা কর্তৃপক্ষকে চাহিত তথ্য-উপাত্ত সরবরাহ করিবে।

(৭) চুক্তি সম্পাদনকারী সংস্থা বা কর্তৃপক্ষ প্রবিধান **১১** এর উপ-প্রবিধান (১) এর ক্রমিক নং ৫ এর দফা (খ) ও (গ) অনুসারে প্রতি বৎসরের জন্য বার্ষিক সেবা নবায়ন চার্জ এবং প্রতিটি তথ্য-উপাত্ত প্রতিবার সরবরাহের জন্য সরবরাহ চার্জ পরিশোধ করিবে।

১০। **কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট তথ্য-উপাত্ত সরবরাহ** ।—(১) কমিশনের নিকট সংরক্ষিত তথ্য-উপাত্ত প্রাপ্তির জন্য কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান প্রবিধান **১১** এর উপ-প্রবিধান (১) এর ক্রমিক নং ৬ এ উল্লিখিত ফি পরিশোধপূর্বক ফরম-৬ অনুসারে কমিশনে সরাসরি অথবা ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে আবেদন করিতে পারিবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন দাখিলকৃত আবেদনের যথার্থতা সম্পর্কে সন্তুষ্ট হইলে কমিশন প্রার্থিত তথ্য-উপাত্তের অনুলিপি সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানকে সরাসরি অথবা উহার PDF Copy ইলেকট্রনিক পদ্ধতিতে সরবরাহ করিবে।

**১১। চার্জ, ফি, ইত্যাদি।**—(১) তথ্য-উপাত্ত সংশোধন, তথ্য যাচাই এবং তথ্য-উপাত্ত সরবরাহ ফি বা, প্রযোজ্য ক্ষেত্রে, চার্জ হইবে নিম্নরূপ, যথা :—

| ক্রমিক | কার্যসমূহ | প্রদেয় ফি/চার্জ (টাকায়) |
|---|---|---|
| ১. | **জাতীয় পরিচয়পত্র সংশোধন** | |
| | (ক) প্রথম বার আবেদন | ২ (দুই) শত |
| | (খ) দ্বিতীয় বার আবেদন | ৩ (তিন) শত |
| | (গ) পরবর্তী যে কোনো বার আবেদন | ৪ (চার) শত |
| ২. | **তথ্য-উপাত্ত সংশোধন** | |
| | (ক) প্রথম বার আবেদন | ১ (এক) শত |
| | (খ) দ্বিতীয় বার আবেদন | ২ (দুই) শত |
| | (গ) পরবর্তী যে কোনো বার আবেদন | ৩ (তিন) শত |

| ক্রমিক | কার্যসমূহ | প্রদেয় ফি/চার্জ (টাকায়) |
|---|---|---|
| ৩. | **নিবন্ধনের মাধ্যমে তথ্য যাচাই** | |
| | (ক) এককালীন নিবন্ধন চার্জ | ৫ (পাঁচ) লক্ষ |
| | (খ) সাব ইউজার চার্জ/নবায়ন চার্জ ঃ বার্ষিক সাব ইউজার চার্জ/নবায়ন চার্জ— | |
| | (অ) প্রথম ৭০ (সত্তর)টি সাব ইউজারের প্রতিটির জন্য | ৪ (চার) হাজার |
| | (আ) প্রথম ৭০ (সত্তর)টির পরবর্তী প্রতিটি সাব ইউজারের জন্য | ২ (দুই) হাজার |
| | (গ) যাচাইকরণ চার্জ ঃ প্রতিটি তথ্য প্রতিবার যাচাইয়ের জন্য | ২ (দুই) |
| | (ঘ) বিলম্ব চার্জ ঃ যাচাইকরণ চার্জের বিল প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে পরিশোধে ব্যর্থতার কারণে বিলম্ব চার্জ | মোট বিলের ০.৫% |
| | (ঙ) নিবন্ধিত ব্যক্তি কর্তৃক সেবা বা সুবিধা প্রদানের অপারগতার কারণে সংক্ষুব্ধ আবেদনকারী কর্তৃক প্রদত্ত সার্ভিস চার্জ | ১ (এক) শত |
| ৪. | **ব্যক্তি কর্তৃক জাতীয় পরিচয়পত্রের সঠিকতা যাচাইয়ের আবেদনের ক্ষেত্রে সার্ভিস চার্জ** | ১ (এক) শত |
| ৫. | **সরকারি সংস্থা বা সংবিধিবদ্ধ কর্তৃপক্ষকে তথ্য-উপাত্ত সরবরাহের ক্ষেত্রে—** | |
| | (ক) এককালীন সার্ভিস চার্জ | ৫ (পাঁচ) লক্ষ |
| | (খ) বার্ষিক সেবা চার্জ/বার্ষিক সেবা নবায়ন চার্জ | ১ (এক) লক্ষ |
| | (গ) প্রতিটি তথ্য-উপাত্ত প্রতিবার সরবরাহের জন্য সরবরাহ চার্জ | ১ (এক) |
| ৬. | **কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক তথ্য-উপাত্ত সরবরাহের আবেদন ফি** | ২ (দুই) শত |

(২) উপ-প্রবিধান (১) এ উল্লিখিত ফি বা, প্রযোজ্য ক্ষেত্রে, চার্জ "সচিব, নির্বাচন কমিশন" এর অনুকূলে পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট এর মাধ্যমে অথবা কমিশন কর্তৃক নির্দিষ্টকৃত নম্বরে মোবাইল ব্যাংকিং বা অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে পরিশোধ করিতে হইবে।

১২। **ফি, চার্জ ইত্যাদি সরকারি হিসাবে জমা প্রদান।**—কমিশন প্রবিধান ১১ তে উল্লিখিত ফি, চার্জ ইত্যাদি প্রাপ্তির তারিখ হইতে ৭ (সাত) কার্যদিবসের মধ্যে উহা সরকারি হিসাবে জমা করিবে।

**ফরম-১**

[ প্রবিধান ৩ দ্রষ্টব্য ]

**জাতীয় পরিচয়পত্র বা সংরক্ষিত তথ্য-উপাত্তে মুদ্রণজনিত ভুল সংশোধনের আবেদন**

ক্রমিক নম্বর : ................(অফিস কর্তৃক পূরণীয় )

| জরুরী | সাধারণ |
|---|---|

১। জাতীয় পরিচয়পত্রধারীর—

(ক) নাম :

(খ) জাতীয় পরিচিতি নম্বর (NID) :

২। আঠারো বৎসরের কম বয়স্ক/আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ ঘোষিত জাতীয় পরিচয়পত্রধারীর ক্ষেত্রে, আইনানুগ অভিভাবকের—

(ক) নাম :

(খ) জাতীয় পরিচিতি নম্বর (NID) :

৩। জাতীয় পরিচয়পত্র বা সংরক্ষিত তথ্য-উপাত্তে যে ভুল সংশোধন করিতে হইবে (অপ্রয়োজনীয় অংশ কাটিয়া দিন) :

| বিষয় | বর্তমানে জাতীয় পরিচয়পত্র বা সংরক্ষিত তথ্য উপাত্তে বিদ্যমান ভুল | চাহিত সংশোধিত তথ্য | সংযুক্ত দলিলাদি/মন্তব্য |
|---|---|---|---|
| (ক) নাম (বাংলা) : | | | |
| (খ) নাম (ইংরেজি) : | | | |
| (গ) পিতার নাম : | | | |
| (ঘ) মাতার নাম : | | | |
| (ঙ) স্বামীর নাম : | | | |
| (চ) জন্মতারিখ : | | | |
| (ছ) ঠিকানা : | | | |
| (জ) রক্তের গ্রুপ : | | | |
| (ঝ) অন্যান্য : | | | |

--------------------------

আইনানুগ অভিভাবকের স্বাক্ষর/টিপসহি (প্রযোজ্য ক্ষেত্রে)

নামঃ

ঠিকানাঃ

মোবাইল নম্বরঃ

ই-মেইল (যদি থাকে) ঃ

--------------------------

আবেদনকারীর স্বাক্ষর/টিপসহি

নামঃ

ঠিকানাঃ

মোবাইল নম্বরঃ

ই-মেইল (যদি থাকে) ঃ

আবেদনকারীর জন্য নির্দেশাবলী

(১) আবেদনপত্রে প্রদত্ত আবেদনকারীর স্বাক্ষর কমিশনে সংরক্ষিত তথ্য-উপাত্তে রক্ষিত আবেদনকারীর স্বাক্ষরের অনুরূপ হইতে হইবে।

(২) আঠারো বৎসরের কম বয়স্ক বা আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ ঘোষিত জাতীয় পরিচয়পত্রধারীর ক্ষেত্রে, আইনানুগ অভিভাবক অত্র আবেদনপত্রে স্বাক্ষর করিবেন এবং আবেদনপত্রের সহিত উক্ত অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের অনুলিপি অবশ্যই জমা দিতে হইবে।

(৩) আবেদনপত্রের সহিত জাতীয় পরিচয়পত্রধারীর জাতীয় পরিচয়পত্রের অনুলিপি জমা দিতে হইবে।

(৪) জরুরি আবেদনের ক্ষেত্রে, আবেদনকারী ৭ (সাত) ও সাধারণ আবেদনের ক্ষেত্রে, আবেদনকারী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে সংশোধিত জাতীয় পরিচয়পত্র লাভ করিবেন এবং, প্রয়োজনে, কমিশনে সংরক্ষিত তথ্য-উপাত্ত সংশোধনক্রমে উহা আবেদনকারী বা, ক্ষেত্রমত, তাহার আইনানুগ অভিভাবককে অবহিত করিবে।

(৫) অত্র আবেদনের জন্য আবেদনকারীকে কোনো ফি/চার্জ প্রদান করিতে হইবে না।

(৬) অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।

---

**অংশ-ক (ফরম–১)**

[প্রবিধান ৩ (২) ও ৩ (৩)]

**(প্রাপ্তিস্বীকার এবং জাতীয় পরিচয়পত্র প্রদানের রশিদ)**

ক্রমিক নম্বরঃ ..............................

(১) আবেদনকারীর নাম এবং জাতীয় পরিচিতি নম্বর :

(২) প্রযোজ্য ক্ষেত্রে, আইনানুগ অভিভাবকের নাম এবং জাতীয় পরিচিতি নম্বর :

(৩) আবেদনের তারিখ :

(৪) পরবর্তী যোগাযোগের তারিখ/জাতীয় পরিচয়পত্র প্রদানের তারিখ :

----------------------

(সিলমোহর) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর

**ফরম–২**

[প্রবিধান ৪ দ্রষ্টব্য]

**জাতীয় পরিচয়পত্র বা তথ্য-উপাত্ত সংশোধনের আবেদন**

ক্রমিক নম্বর : .................... (অফিস কর্তৃক পূরণীয়)

১। জাতীয় পরিচয়পত্রধারীর—

(ক) নাম :

(খ) জাতীয় পরিচিতি নম্বর (NID) :

২। আঠারো বৎসরের কম বয়স্ক/আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ ঘোষিত জাতীয় পরিচয়পত্রধারীর ক্ষেত্রে, আইনানুগ অভিভাবকের—

(ক) নাম :

(খ) জাতীয় পরিচিতি নম্বর (NID) :

৩। জাতীয় পরিচয়পত্র বা সংরক্ষিত তথ্য-উপাত্তে যে তথ্য সংশোধন করিতে হইবে (অপ্রয়োজনীয় অংশ কাটিয়া দিন) :

| বিষয় | বর্তমানে জাতীয় পরিচয়পত্র বা সংরক্ষিত তথ্য উপাত্তে বিদ্যমান তথ্য | চাহিত সংশোধিত তথ্য | সংযুক্ত দলিলাদি/মন্তব্য |
|---|---|---|---|
| (ক) নাম (বাংলা) : | | | |
| (খ) নাম (ইংরেজি) : | | | |
| (গ) পিতার নাম : | | | |
| (ঘ) মাতার নাম : | | | |
| (ঙ) স্বামীর নাম : | | | |
| (চ) জন্মতারিখ : | | | |
| (ছ) ঠিকানা : | | | |
| (জ) রক্তের গ্রুপ : | | | |
| (ঝ) অন্যান্য : | | | |

৪। জমাকৃত ফি এর পরিমাণ (১১ এর উপ-প্রবিধান (১) এর ক্রমিক নং ১ বা, প্রযোজ্য ক্ষেত্রে, ২ এ উল্লিখিত ফি অনুসারে) :

৫। প্রযোজ্য ক্ষেত্রে ফি জমাদানের রশিদ :

৬। আবেদনপত্রের সহিত সংযুক্ত দলিলাদির বিবরণ:

| | |
|---|---|
| --------------------------- | ----------------------------- |
| আইনানুগ অভিভাবকের স্বাক্ষর/টিপসহি (প্রযোজ্য ক্ষেত্রে) | আবেদনকারীর স্বাক্ষর/টিপসহি |
| নামঃ | নামঃ |
| ঠিকানাঃ | ঠিকানাঃ |
| মোবাইল নম্বরঃ | মোবাইল নম্বরঃ |
| ই-মেইল (যদি থাকে) ঃ | ই-মেইল (যদি থাকে) ঃ |

আবেদনকারীর জন্য নির্দেশাবলী ঃ

(১) আবেদনপত্রে প্রদত্ত আবেদনকারীর স্বাক্ষর কমিশনে সংরক্ষিত তথ্য-উপাত্তে আবেদনকারীর স্বাক্ষরের অনুরূপ হইতে হইবে।

(২) আঠারো বৎসরের কম বয়স্ক কিংবা আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ ঘোষিত জাতীয় পরিচয়পত্রধারীর ক্ষেত্রে, আইনানুগ অভিভাবক অত্র আবেদনপত্রে স্বাক্ষর করিবেন এবং আবেদনপত্রের সহিত উক্ত অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের অনুলিপি অবশ্যই জমা দিতে হইবে।

(৩) প্রবিধান ১১ এর উপ-প্রবিধান (১) এর ক্রমিক নং ১ বা, প্রযোজ্য ক্ষেত্রে, ২ এ উল্লিখিত ফি ও উহাতে বর্ণিত পদ্ধতি অনুসারে জমাদানের পর উহার রশিদ সংযুক্ত/তথ্যাদি প্রদান করিতে হইবে।

(৪) আবেদনপত্রের সহিত জাতীয় পরিচয়পত্রধারীর জাতীয় পরিচয়পত্রের মূল কপি জমা দিতে হইবে।

(৫) আবেদনপত্র দাখিলের সময় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা আবেদনের বিষয়ে আবেদনকারীর ব্যক্তিগত শুনানি গ্রহণ করিবেন এবং ব্যক্তিগত শুনানি গ্রহণ করিয়া সন্তুষ্ট না হইয়া উক্ত আবেদন নামঞ্জুর করিলে উক্ত নামঞ্জুরের আদেশ প্রাপ্তির তারিখ হইতে ৪৫ (পঁয়তাল্লিশ) কার্যদিবসের মধ্যে আবেদনকারী বা, ক্ষেত্রমত, তাহার আইনানুগ অভিভাবক উক্ত আদেশের বিরুদ্ধে কমিশন বরাবর আপিল করিতে পারিবেন।

(৬) জাতীয় পরিচয়পত্রধারীর নাম (বাংলা/ইংরেজি) এবং জন্মতারিখ সংশোধনের ক্ষেত্রে, উক্ত সংশোধনের স্বপক্ষে, ক্ষেত্রমত, নিম্নবর্ণিত কাগজপত্র/তথ্যাদি জমা দিতে হইবে, যথা :—

(ক) শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এসএসসি/সমমান হইলে এসএসসি/সমমান সনদপত্র;

(খ) শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এসএসসি/সমমান না হইলে এবং তিনি সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত কিংবা সংবিধিবদ্ধ কোনো সংস্থায় চাকুরীরত হইলে, চাকুরী বই/মান্থলি পেমেন্ট অর্ডার (এমপিও);

(গ) অন্যান্য ক্ষেত্রে, জাতীয় পরিচয়পত্রধারীর পাসপোর্ট/জন্ম নিবন্ধন সনদ/ড্রাইভিং লাইসেন্স/ট্রেড লাইসেন্স/কাবিননামার সত্যায়িত অনুলিপি;

(ঘ) নামের আমূল পরিবর্তনের ক্ষেত্রে, প্রার্থিত পরিবর্তনের যথার্থতা সম্পর্কে গ্রহণযোগ্য দলিলাদি [এসএসসি সনদ/পাসপোর্ট/চাকুরী বই/মান্থলি পেমেন্ট অর্ডার (এমপিও)/ড্রাইভিং লাইসেন্স, যাহার ক্ষেত্রে যেটি প্রযোজ্য] ছাড়াও ম্যাজিস্ট্রেট আদালতে সম্পাদিত হলফনামা ও জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির কপি;

(ঙ) ধর্ম পরিবর্তনের কারণে নাম পরিবর্তনের ক্ষেত্রে, ম্যাজিস্ট্রেট আদালতে সম্পাদিত হলফনামা ও জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির কপি এবং আবেদনের যথার্থতা সম্পর্কে গ্রহণযোগ্য দলিলাদি (শিক্ষাগত যোগ্যতার সনদপত্র/পাসপোর্ট/ড্রাইভিং লাইসেন্স/জন্ম নিবন্ধন সনদ, ইত্যাদি যাহার ক্ষেত্রে যেটি প্রযোজ্য)।

(৭) বিবাহ বা বিবাহ বিচ্ছেদ বা অন্য কোন কারণে কোনো মহিলা তাহার নামের সহিত স্বামীর নামের অংশ (টাইটেল) সংযোজন বা বিয়োজন বা সংশোধন করিতে চাহিলে, তাহাকে কাবিননামা/তালাকনামা/মৃত্যু সনদ/ম্যাজিস্ট্রেট আদালতে সম্পাদিত হলফনামা/বিবাহ বিচ্ছেদ ডিক্রির সত্যায়িত অনুলিপি জমা দিতে হইবে। এক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, প্রয়োজনে, সরেজমিন তদন্ত করিতে পারিবেন।

(৮) পিতা/মাতার নাম সংশোধনের ক্ষেত্রে, জাতীয় পরিচয়পত্রধারীর এসএসসি, এইচএসসি বা সমমান সনদপত্র (যদি উহাতে পিতা/মাতার নাম উল্লিখিত থাকে) এবং জাতীয় পরিচয়পত্রধারীর পিতা, মাতা, ভাই ও বোনের জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি জমা দিতে হইবে। এক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, প্রয়োজনে, সরেজমিন তদন্ত করিতে পারিবেন।

(৯) পিতা/মাতার নামের পূর্বে "মৃত" অভিব্যক্তিটি সংযোজন বা বিয়োজন করিতে চাহিলে, প্রযোজ্য ক্ষেত্রে, পিতা/মাতার মৃত্যু সনদের সত্যায়িত অনুলিপি বা তাহাদের জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি ও জীবিত থাকিবার সমর্থনে সংশ্লিষ্ট এলাকার ইউপি চেয়ারম্যান/পৌর মেয়র/কাউন্সিলরের প্রত্যয়নপত্র জমা দিতে হইবে।

(১০) ঠিকানা (বাসা/হোল্ডিং/গ্রাম/রাস্তা/ডাকঘর) সংশোধনের ক্ষেত্রে, সঠিক ঠিকানার স্বপক্ষে বাড়ির দলিল/টেলিফোন, গ্যাস বা পানির বিল/বাড়ি ভাড়ার চুক্তিপত্র/বাড়িভাড়া রশিদের সত্যায়িত অনুলিপি জমা দিতে হইবে।

(১১) রক্তের গ্রুপ সংযোজন বা সংশোধনের ক্ষেত্রে, উহার স্বপক্ষে ডাক্তারী সনদপত্র জমা দিতে হইবে।

(১২) শিক্ষাগত যোগ্যতা সংশোধনের জন্য জাতীয় পরিচয়পত্রধারীর সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি জমা দিতে হইবে।

(১৩) টিআইএন/ড্রাইভিং লাইসেন্স নম্বর/পাসপোর্ট নম্বর সংশোধনের ক্ষেত্রে, প্রয়োজনে, টিআইএন সনদ/ড্রাইভিং লাইসেন্স/পাসপোর্টের সত্যায়িত অনুলিপি জমা দিতে হইবে।

(১৪) অন্যবিধ যে কোনো সংশোধনের ক্ষেত্রে, উক্তরূপ সংশোধনের স্বপক্ষে উপযুক্ত সনদ, দলিল ইত্যাদির সত্যায়িত অনুলিপি জমা দিতে হইবে।

(১৫) আবেদনপত্রের সহিত দাখিলকৃত অনুলিপিসমূহ নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ সত্যায়ন করিতে পারিবেন: (ক) সংসদ সদস্য, (খ) স্থানীয় সরকারের নির্বাচিত জনপ্রতিনিধি, (গ) গেজেটেড সরকারি কর্মকর্তা, এবং (ঘ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান।

(১৬) অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।

..........................................................

**অংশ-খ (ফরম-২)**

**জাতীয় পরিচয়পত্র প্রদানের রশিদ**

**[প্রবিধান ৪ (৪) (খ) দ্রষ্টব্য]**

ক্রমিক নম্বর : ................

(১) আবেদনকারীর নাম এবং জাতীয় পরিচিতি নম্বর :

(২) প্রযোজ্য ক্ষেত্রে, আইনানুগ অভিভাবকের নাম :

এবং জাতীয় পরিচিতি নম্বর

(৩) আবেদনের তারিখ :

(৪)পরবর্তী যোগাযোগের তারিখ/জাতীয় পরিচয়পত্র প্রদানের তারিখ :

(সিলমোহর)

---------------------------

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর

..........................................................................................................

**অংশ-ক (ফরম-২)**

**প্রাপ্তিস্বীকার রশিদ**

[প্রবিধান ৪(৩) দ্রষ্টব্য]

(১) আবেদনকারীর নাম এবং জাতীয় পরিচিতি নম্বর :

(২) প্রযোজ্য ক্ষেত্রে, আইনানুগ অভিভাবকের নাম

এবং জাতীয় পরিচিতি নম্বর :

(৩) আবেদনের তারিখ :

(৪) বায়োমেট্রিকস ফিচার প্রদানের নিমিত্ত উপস্থিতির স্থান,

তারিখ ও সময় :

(সিলমোহর)

...............................

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর

**ফরম-৩**

**নিবন্ধনের মাধ্যমে তথ্য যাচাইয়ের জন্য আবেদন**

[প্রযোজ্য ক্ষেত্রে তথ্য প্রদান করুন/(☑)/(×) চিহ্ন দিন]

[প্রবিধান ৫ দ্রষ্টব্য ]

| | | | |
|---|---|---|---|
| ১। | আবেদনকারীর নাম ও জাতীয় পরিচিতি নম্বর (NID) | : | |
| ২। | (ক) পিতার নাম/স্বামীর নাম<br>(খ) মাতার নাম | :<br>: | |
| ৩। | ঠিকানা :<br>(ক) স্থায়ী ঠিকানা<br>(খ) বর্তমান ঠিকানা<br>(গ) নিজস্ব ডোমেইন সম্বলিত ই-মেইল ঠিকানা<br>(ঘ) আইপি এড্রেসসমূহ | <br>:<br>:<br>:<br>: | |
| ৪। | পেশা | : | |
| ৫। | জাতীয়তা | : | |
| ৬। | ট্রেড লাইসেন্সের সত্যায়িত অনুলিপির কপি | : | |
| ৭। | ট্যাক্স আইডেনটিফিকেশন নম্বর (টিআইএন)<br>(টিআইএন সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপির সর্বশেষ ট্যাক্স পরিশোধের প্রমাণপত্রের কপি সংযুক্ত করিতে হইবে) | : | |
| ৮। | বিজনেস আইডেনটিফিকেশন নম্বর (BIN) {যদি থাকে}<br>[BIN সার্টিফিকেটের কপি সংযুক্ত করিতে হইবে] | : | |
| ৯। | ব্যবসায়িক ঠিকানা, টেলিফোন, ফ্যাক্স ও ই-মেইল নম্বর | : | |
| ১০। | ব্যবসা প্রতিষ্ঠানের বিবরণ | : | |
| ১১। | কোম্পানী হইলে, মেমোরেন্ডাম অব এসোসিয়েশন, আর্টিকেলস্ অব এসোসিয়েশন এবং সার্টিফিকেট অব ইনকর্পোরেশনের সত্যায়িত অনুলিপির কপি | : | |
| ১২। | প্রতিষ্ঠানের নাম | : | |
| ১৩। | পরিচালক/স্বত্ত্বাধিকারী/অংশীদারগণের বিবরণ | | |
| ১৪। | আবেদনকারী কর্তৃক তথ্য যাচাইয়ের উদ্দেশ্য, গুরুত্ব ও যৌক্তিকতা (প্রয়োজনে আলাদা কাগজ ব্যবহার করুন) | | |
| ১৫। | আবেদনকারীর অধীন তথ্য যাচাই করিবে এইরূপ সাব ইউজারের সংখ্যা | | |
| ১৬। | আবেদনকারী তথ্য যাচাইয়ের জন্য যে মাস্টার ইউজার আইডি ব্যবহার করিতে ইচ্ছুক | | |

| | | | |
|---|---|---|---|
| ১৭। | আবেদনকারীর পক্ষে কমিশন হইতে মাস্টার ইউজার আইডি ও পাসওয়ার্ড সংগ্রহের জন্য ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির—<br>(ক) নাম :<br>(খ) জাতীয় পরিচিতি নম্বর :<br>(গ) পদবী :<br>(ঘ) ফোন নম্বর :<br>(ঙ) ফ্যাক্স নম্বর :<br>(চ) মোবাইল নম্বর :<br>(ছ) ই-মেইল ঠিকানা : | | |
| ১৮। | আবেদনকারীর পক্ষে অত্র আবেদন পূরণ ও প্রেরণের জন্য ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির—<br>(ক) নাম :<br>(খ) জাতীয় পরিচিতি নম্বর :<br>(গ) পদবী :<br>(ঘ) ফোন নম্বর :<br>(ঙ) ফ্যাক্স নম্বর :<br>(চ) মোবাইল নম্বর :<br>(ছ) ই-মেইল ঠিকানা : | | |

..............................

আবেদনকারীর স্বাক্ষর

**ফরম-৪**

**ব্যক্তি কর্তৃক জাতীয় পরিচয়পত্রের সঠিকতা যাচাইয়ের জন্য আবেদন**

**(অনলাইনে প্রেরণ করিতে হইবে)**

[প্রযোজ্য ক্ষেত্রে তথ্য প্রদান করুন/(☑)/(×) চিহ্ন দিন]

[প্রবিধান ৮ দ্রষ্টব্য]

| | | | |
|---|---|---|---|
| ১। | আবেদনকারীর নাম এবং জাতীয় পরিচিতি নম্বর (NID) | : | |
| ২। | (ক) পিতার নাম/স্বামীর নাম<br>(খ) মাতার নাম | :<br>: | |
| ৩। | ঠিকানা :<br>(ক) স্থায়ী ঠিকানা<br>(খ) বর্তমান ঠিকানা<br>(গ) নিজস্ব ডোমেইন সম্বলিত ই-মেইল ঠিকানা | <br>:<br>:<br>: | |
| ৪। | পেশা | : | |
| ৫। | জাতীয়তা | : | |
| ৬। | ব্যক্তি কোম্পানী বা প্রতিষ্ঠান বা সংস্থা হইলে ট্রেড লাইসেন্সের সত্যায়িত অনুলিপির কপি | : | |
| ৭। | ব্যবসায়িক ঠিকানা, টেলিফোন, ফ্যাক্স ও ই-মেইল নম্বর | : | |
| ৮। | প্রতিষ্ঠানের ঠিকানা : | : | |
| ৯। | প্রতিষ্ঠানের নাম | : | |
| ১০। | প্রতিষ্ঠানের ধরণ | : | |
| ১১। | আবেদনকারী কর্তৃক জাতীয় পরিচয়পত্রের সঠিকতা যাচাইয়ের উদ্দেশ্য, গুরুত্ব ও যৌক্তিকতা (প্রয়োজনে আলাদা কাগজ ব্যবহার করুন) এবং প্রয়োজনে উহার প্রমাণপত্র | : | |
| ১২। | জাতীয় পরিচয়পত্রেরসঠিকতা যাচাইয়েরনিমিত্তআবেদনকারীকর্তৃক সর্বশেষ আবেদনেরতারিখ | : | |
| ১৩। | আবেদনকারী কর্তৃক যাচাইকৃত জাতীয় পরিচয়পত্রের সংখ্যা | : | |
| ১৪। | আবেদনপত্রের সহিত সংযুক্ত জাতীয় পরিচয়পত্রের স্ক্যানকৃত কপির সংখ্যা | : | |
| ১৫। | আবেদনকারীর পক্ষে অত্র আবেদন পূরণ ও প্রেরণের জন্য ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির (প্রতিষ্ঠান/সংস্থার ক্ষেত্রে)—<br>(ক) নাম :<br>(খ) জাতীয় পরিচিতি নম্বর :<br>(গ) পদবী :<br>(ঘ) ফোন নম্বর :<br>(ঙ) ফ্যাক্স নম্বর :<br>(চ) মোবাইল নম্বর :<br>(ছ) ই-মেইল ঠিকানা : | : | |

........................................
আবেদনকারীর স্বাক্ষর

<u>আবেদনকারীর জন্য নির্দেশাবলী ঃ</u>

(১) যাচাই করিতে হইবে এইরূপ প্রতিটি জাতীয় পরিচয়পত্রের উভয় পৃষ্ঠা স্ক্যান করিয়া অত্র আবেদনের সহিত সংযুক্ত করিতে হইবে।

(২) আবেদন মঞ্জুর হইলে আবেদনকারী কর্তৃক প্রতিটি জাতীয় পরিচয়পত্রের তথ্য যাচাইয়ের জন্য প্রবিধান ১১ এর উপ-প্রবিধান (১) এর ক্রমিক নং ৪ অনুসারে সার্ভিস চার্জ প্রদান করিতে হইবে।

(৩) জাতীয় পরিচয়পত্র যাচাইয়ের মাধ্যমে আবেদনকারী কোনো নাগরিক সম্পর্কিত প্রতিবেদন লাভ করিবে, তাহার গোপনীয়তা বজায় রাখিবে এবং উক্ত প্রতিবেদনে কেবলমাত্র অত্র আবেদনে উল্লিখিত উদ্দেশ্যে ব্যবহার করিতে পারিবে। আবেদনকারী এইরূপ প্রতিবেদনের গোপনীয়তা লঙ্ঘন করিলে বা উহার অন্যবিধ বেআইনি ব্যবহার করিলে তিনি আইনত দণ্ডনীয় হইবেন।

**ফরম-৫**

**সরকারি সংস্থা বা সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ কর্তৃক তথ্য-উপাত্ত গ্রহণের জন্য আবেদন**

[প্রযোজ্য ক্ষেত্রে তথ্য প্রদান করুন/(☑)/(×) চিহ্ন দিন]

[প্রবিধান ৯ দ্রষ্টব্য]

| | | | |
|---|---|---|---|
| ১। | আবেদনকারী সরকারি সংস্থা বা সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ এর নাম | : | |
| ২। | ঠিকানা :<br>(ক) স্থায়ী ঠিকানা<br>(খ) বর্তমান ঠিকানা<br>(গ) নিজস্ব ডোমেইন সম্বলিত ই-মেইল ঠিকানা<br>(ঘ) গেটওয়ে আইপি ঠিকানা | <br>:<br>:<br>:<br>: | |
| ৩। | কমিশনের নিকট সংরক্ষিত তথ্য-উপাত্ত গ্রহণের উদ্দেশ্য, গুরুত্ব ও যৌক্তিকতা (প্রয়োজনে আলাদা কাগজ ব্যবহার করুন) | : | |
| ৪। | চাহিত তথ্য-উপাত্তের বিবরণ | : | |
| ৫। | চাহিত তথ্য-উপাত্তের সংখ্যা | : | |
| ৬। | আবেদনকারীর পক্ষে কমিশন হইতে মাস্টার ইউজার আইডি ও পাসওয়ার্ড সংগ্রহের জন্য ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির—<br>(ক) নাম :<br>(খ) জাতীয় পরিচিতি নম্বর :<br>(গ) পদবী :<br>(ঘ) ফোন নম্বর :<br>(ঙ) ফ্যাক্স নম্বর :<br>(চ) মোবাইল নম্বর :<br>(ছ) ই-মেইল ঠিকানা : | : | |
| ৭। | আবেদনকারীর পক্ষে অত্র আবেদন পূরণ ও প্রেরণের জন্য ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির—<br>(ক) নাম :<br>(খ) জাতীয় পরিচিতি নম্বর :<br>(গ) পদবী :<br>(ঘ) ফোন নম্বর :<br>(ঙ) ফ্যাক্স নম্বর :<br>(চ) মোবাইল নম্বর :<br>(ছ) ই-মেইল ঠিকানা : | | |

..........................................

আবেদনকারীর স্বাক্ষর

**ফরম-৬**

**কোনো ব্যক্তির বা প্রতিষ্ঠানের কমিশনে সংরক্ষিত তথ্য-উপাত্ত প্রাপ্তির জন্য আবেদন**
**(সরাসরি/অনলাইনে প্রেরণ করিতে হইবে)**

[প্রযোজ্য ক্ষেত্রে তথ্য প্রদান করুন/(☑)/(×) চিহ্ন দিন]

[প্রবিধান ১০ দ্রষ্টব্য]

ক্রমিক নম্বর ঃ .......... (অফিস কর্তৃক স্বয়ংক্রিয়ভাবে প্রদান করা হইবে)

| | | | |
|---|---|---|---|
| ১। | আবেদনকারীর—<br>(ক) নাম-বাংলা<br>ইংরেজী<br>(খ) জাতীয় পরিচিতি নম্বর (NID)<br>(গ) জন্ম তারিখ | :<br>:<br>:<br>: | |
| ২। | আঠারো বৎসরের কম বয়স্ক/আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ ঘোষিত আবেদনকারীর ক্ষেত্রে, আইনানুগ অভিভাবকের-<br>(ক) নাম—<br>(খ) জাতীয় পরিচিতি নম্বর (NID) | :<br>: | |
| ৩। | (ক) পিতার নাম/স্বামীর নাম<br>(খ) মাতার নাম | :<br>: | |
| ৪। | ঠিকানা :<br>(ক) স্থায়ী ঠিকানা<br>(খ) বর্তমান ঠিকানা<br>(গ) নিজস্ব ডোমেইন সম্বলিত ই-মেইল ঠিকানা | :<br>:<br>:<br>: | |
| ৫। | পেশা | : | |
| ৬। | জাতীয়তা | : | |
| ৭। | ট্রেড লাইসেন্সের সত্যায়িত অনুলিপির কপি | : | |
| ৮। | ট্যাক্স আইডেনটিফিকেশন নম্বর (টিআইএন)<br>(টিআইএন সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপির সর্বশেষ ট্যাক্স পরিশোধের প্রমাণপত্রের কপি সংযুক্ত করিতে হইবে) | : | |
| ৯। | বিজনেস আইডেনটিফিকেশন নম্বর (BIN) {যদি থাকে}<br>[BIN সার্টিফিকেটের কপি সংযুক্ত করিতে হইবে] | : | |
| ১০। | ব্যবসায়িক ঠিকানা, টেলিফোন, ফ্যাক্স ও ই-মেইল নম্বর | : | |
| ১১। | কোম্পানী হইলে, মেমোরেন্ডাম অব এসোসিয়েশন, আর্টিকেলস্ অব এসোসিয়েশন এবং সার্টিফিকেট অব ইনকর্পোরেশনের সত্যায়িত অনুলিপির কপি | : | |
| ১২। | প্রতিষ্ঠানের নাম | : | |
| ১৩। | প্রতিষ্ঠানের মালিকানার ধরণ | : | |
| ১৪। | পরিচালক/স্বত্বাধিকারী/অংশীদারগণের বিবরণ | : | |

| | | | |
|---|---|---|---|
| ১৫। | কমিশনে সংরক্ষিত তথ্য-উপাত্ত প্রাপ্তির উদ্দেশ্য, গুরুত্ব ও যৌক্তিকতা (প্রয়োজনে আলাদা কাগজ ব্যবহার করুন) | : | |
| ১৬। | প্রবিধান ১১ এর উপ-প্রবিধান (১) এর ক্রমিক নং ৫ এর দফা (২) এ উল্লিখিত ফি ও উহাতে বর্ণিত পদ্ধতি অনুসারে জমাদানের পর উহার রশিদ সংযুক্ত করিতে হইবে। | : | |

--------------------------

আইনানুগ অভিভাবকের স্বাক্ষর/টিপসহি (প্রযোজ্য ক্ষেত্রে)
নামঃ
ঠিকানাঃ
মোবাইল নম্বর ঃ
ই-মেইল (যদি থাকে) ঃ

--------------------------

আবেদনকারীর স্বাক্ষর/টিপসহি
নামঃ
ঠিকানাঃ
মোবাইল নম্বরঃ
ই-মেইল (যদি থাকে) ঃ

আবেদনকারীর জন্য নির্দেশাবলী

(১) কমিশনের ওয়েবসাইটে প্রবেশের পর মোবাইল নম্বর এবং ই-মেইল ঠিকানা ব্যবহার করিয়া নিজস্ব ইউজার একাউন্ট খুলিতে হইবে।

(২) সংরক্ষিত তথ্য-উপাত্তে সংরক্ষিত মোবাইল নম্বরের সহিত ব্যবহৃত মোবাইল নম্বর একই না হইলে ইউজার একাউন্ট দেখা যাইবে না।

(৩) প্রবিধান ১১ এর উপ-প্রবিধান (১) এর ক্রমিক নং ৫ এর দফা (২) এ উল্লিখিত সার্ভিস চার্জ উহাতে বর্ণিত পদ্ধতি অনুসারে পরিশোধ করিয়া কোড নম্বর নির্দিষ্ট ঘরে পূরণ করিতে হইবে এবং জাতীয় পরিচয়পত্রের স্ক্যানকৃত কপি সংযুক্ত করিতে হইবে।

(৪) যথাযথভাবে আবেদনপত্র দাখিল করিবার পর সংশ্লিষ্ট আবেদনকারীর মোবাইল নম্বর/ই-মেইল ঠিকানায় স্বয়ংক্রিয়ভাবে প্রাপ্তিস্বীকারপত্র প্রেরিত হইবে।

(৫) আবেদনপত্র প্রাপ্তির পর কমিশন আবেদনের যথার্থতা ও ফি পরিশোধ সম্পর্কে নিশ্চিত হইয়া নির্ধারিত ছকে প্রার্থিত তথ্য-উপাত্তের অনুলিপি আবেদনকারী বা, ক্ষেত্রমত, তাহার আইনানুগ অভিভাবককে সরাসরি অথবা উহার PDF copy ইলেক্ট্রনিক পদ্ধতিতে সরবরাহ করিবে।

(৬) অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

**মোঃ মোখলেসুর রহমান**
অতিরিক্ত সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd